



124

বাকসু নির্বাচন প্রচারণা তুলে

।। উত্তম দাস ।।

কৃষি বিশ্ববিদ্যালয়, ১লা এপ্রিল
বাকসু এবং হল সংসদ নির্বা-
চনী প্রচারণা এখন তুলে।
ক্যাম্পাস মুখের সমাবেশ, প্যানেল
পরিচিতি সভা আর মিছিলে
শেগানে। ব্যানার, পোস্টার ও
ফেস্টনে হলগুলো অপরূপ সাজে
সাজানো হয়েছে।

আর মাত্র দুদিন পর মঙ্গলবার
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
কেন্দ্রীয় ছাত্র সংসদ (বাকসু)
(৩-এর পদে দঃ)

বাকসু নির্বাচন

(১ম পদে পদ)

এবং ৯টি হল সংসদ নির্বাচন
অনুষ্ঠিত হবে। প্রায় চার হাজার
ছাত্রছাত্রী নির্বাচনে তাদের রায়
প্রদান করবেন। বাকসুতে পাঁচটি
প্যানেল প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ
হয়েছে।

নির্বাচনের সময় শুভই এগিয়ে
আসছে ভোটের জন্য প্রচার
অভিযান ততই জোরদার হচ্ছে।

সকাল থেকে শুরু করে গভীর
রাত পর্যন্ত চলেছে নির্বাচনী
বুদ্ধির প্রচারণা। নির্বাচনের ২৪
ঘণ্টা পূর্বে সকল প্রচারণা বন্ধ
থাকবে। সুষ্ঠু নির্বাচনের জন্যে
কতৃপক্ষ কড়া পুলিশী নিরাপ-
ত্তার ব্যবস্থা নিয়েছেন। বাকসু
ও হল সংসদসমূহের নির্বাচনে
৩ হাজার ৮শ ৪ জন ছাত্রছাত্রী
ভোটাধিকার প্রয়োগ করবেন।
বাকসুতে ১৫টি পদে প্রতিদ্বন্দ্বিতা
করছেন মোট ৮৯ জন প্রার্থী।

কৃষি বিশ্ববিদ্যালয়ের একটি
ছাত্রী হলে ১৪টি পদে ৫৭ জন
ছাত্রী প্রার্থী হয়েছেন। এ হলে
৩শ ৩২ জন ছাত্রী ভোটার
রয়েছেন। বাকসুতে ছাত্রীদের
জন্য কোন পদ নেই।